

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা- ১ শাখা)  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০৪৬.০১১.০০.০০.০০৬.২০১৫- ২০৭

তারিখ : ২৪ জানুয়ারি, ২০১৬

বিষয় : স্থানীয় সরকার বিভাগের ছাড়পত্রের নির্ধারিত সময়ের পরে উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে জনবল নিয়োগের তদন্তকরণ।

সূত্র : ১. স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০১১.০০.০০.০০৪.২০১৪-৭৫১; তারিখ: ১৪ আগস্ট, ২০১৫।

সূত্র: ২. উপজেলা নির্বাহী অফিসার, করিমগঞ্জ-এর স্মারক নং-০৫.১২.৪৮৪২.০০৫.০৩.০০৮.২০১৫-৬৫৪; তারিখ: ০৪ অক্টোবর, ২০১৫।

উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে উপজেলা পরিষদের অফিস সহায়ক পদে দুইজন জনবল নিয়োগের জন্য ছাড়পত্র প্রদান করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু স্থানীয় সরকার বিভাগের অফিস সহায়ক পদে জনবল নিয়োগের ছাড়পত্রের নির্ধারিত সময়ে নিয়োগ না করে পরে নিয়োগ করে ২নং সূত্রোক্ত স্মারকের মাধ্যমে উক্ত নিয়োগ অনুমোদনের জন্য অনুরোধ করা হয় (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, কার গাফিলতিতে স্থানীয় সরকার বিভাগের জনবল নিয়োগের নির্ধারিত ছাড়পত্রের মেয়াদের মধ্যে অফিস সহায়ক পদে জনবল নিয়োগ করতে পারেনি এবং কেন নির্ধারিত সময়ের পরে নিয়োগ প্রদান করা হয়েছে সেসম্পর্কিত বিষয়ে সরেজমিন তদন্ত করে দায়-দায়িত্ব নির্ধারণ করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J.A.  
28/01/2016  
(ড. জুলিয়া মঈন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৬২২৪৭.

জেলা প্রশাসক  
কিশোরগঞ্জ।

অনুলিপি :  
কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।